

# ভর্তির বিজ্ঞপ্তি (২য় পর্ব)

## ২০২০-২১ শিক্ষাবর্ষের

## স্নাতক স্তরে ভর্তি আরম্ভ হবে

# ০৯. ১২. ২০২০

## স্নাতক স্তরে অনলাইন ভর্তির বিজ্ঞপ্তি

নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় স্নাতক স্তরের সকল সম্ভাব্য আবেদনকারীকে সাদর অভ্যর্থনা জানায়। নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় পূর্ব ভারতের একটি মুখ্য মুক্ত বিশ্ববিদ্যালয়। বিশ্ববিদ্যালয় স্নাতক স্তরে (বিডিপি) কলা, বাণিজ্য ও বিজ্ঞান বিভাগ থেকে সর্বমোট ১৫ টি ঐচ্ছিক বিষয়ে সাম্মানিক ডিগ্রি প্রদান করে। শিক্ষার্থীরা, যাঁরা বিশ্ববিদ্যালয়ে ভর্তি হবেন তাঁরা নিজেদের সমৃদ্ধ করবেন এবং এই যাত্রাপথের মাধ্যমে তাঁদের যথার্থ উদ্দেশ্যকে চরিতার্থ করার পথ খুঁজে পাবেন। যার ফলে তাঁরা সমাজ ও জাতির মঙ্গল সাধনে অংশীদার হতে সক্ষম হবেন।

ভর্তির জন্য অনলাইন আবেদনপত্র জমা নেওয়া আরম্ভ হবে ০৯. ১২. ২০২০ তারিখ থেকে এবং শেষ হবে ৩১. ১২. ২০২১ তারিখে

---

তিন পর্বের ভর্তি প্রক্রিয়াঃ

নিবন্ধীকরণ

⬇

নথি আপলোড

⬇

ফি জমা

---

COVID-19 অতিমারীর জন্য এবং আবেদনকারীদের সুবিধার্থে স্নাতক স্তরে এই ভর্তি প্রক্রিয়াটি সম্পূর্ণ রূপে অনলাইন করা হয়েছে। স্নাতক স্তরে এই ভর্তি প্রক্রিয়ার জন্য ভর্তি প্রক্রিয়া আরম্ভ হওয়ার পূর্বে বা অন্তর্বর্তী কালে আবেদনকারীকে **পাঠকেন্দ্রে হাজির থাকা আবশ্যক নয়।** আবেদনকারী ভর্তি সংক্রান্ত সমস্ত প্রক্রিয়া

নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়
ডি. ডি-২৬, সেক্টর-১, লবণ হ্রদ (বিধাননগর), কলকাতা - ৭০০০৬৪
দূরভাষ: (০৩৩) ৪০৬৬-৩২২০

www.wbnsou.ac.in

Reg/০৬০২; ০৭.১২.২০২০

# স্নাতক স্তরে ভর্তির বিজ্ঞপ্তি শিক্ষাবর্ষ ২০২০-২১

বিশ্ববিদ্যালয় নিম্নলিখিত স্নাতক স্তরের পাঠক্রমে ২০২০-২১ শিক্ষাবর্ষে ভর্তির জন্য আগ্রহী ভারতীয় নাগরিকবৃন্দকে অনলাইন আবেদন জমা দেওয়ার আহ্বান জানাচ্ছেঃ

## মানববিদ্যা অনুষদের স্নাতক স্তরের কোর্সগুলি

| বিষয় | সংকেত | শিক্ষাগত যোগ্যতা | SLM* এর ভাষা |
|---|---|---|---|
| বাংলা | EBG | ১০+২ পরীক্ষায় উত্তীর্ণ বা **সমতুল্য** / **ভোকেশনাল কোর্সে** ১০+২ উত্তীর্ণ | বাংলা |
| ইংরেজি | EEG | ইংরেজিতে ন্যূনতম ৪০% নম্বর পেয়ে ১০+২ পরীক্ষায় উত্তীর্ণ বা **সমতুল্য** / ইংরেজিতে ন্যূনতম ৪০% নম্বর পেয়ে **ভোকেশনাল কোর্সে** ১০+২ উত্তীর্ণ | ইংরেজি |

## সমাজবিদ্যা অনুষদের স্নাতক স্তরের কোর্সগুলি

| বিষয় | সংকেত | শিক্ষাগত যোগ্যতা | SLM* এর ভাষা |
|---|---|---|---|
| ইতিহাস | EHI | ১০+২ পরীক্ষায় উত্তীর্ণ বা **সমতুল্য** / **ভোকেশনাল কোর্সে** ১০+২ উত্তীর্ণ | বাংলা |
| রাষ্ট্রবিজ্ঞান | EPS | | বাংলা |
| জনপ্রশাসন | EPA | | বাংলা |
| সমাজতত্ত্ব | ESO | | বাংলা |

## বিজ্ঞান অনুষদের স্নাতক স্তরের কোর্সগুলি

| বিষয় | সংকেত | শিক্ষাগত যোগ্যতা | SLM* এর ভাষা |
|---|---|---|---|
| পদার্থবিদ্যা | EPH | পদার্থবিদ্যায় ন্যূনতম ৪০% নম্বর পেয়ে এবং গণিতে সাফল্যের সহিত ১০+২ পরীক্ষায় উত্তীর্ণ বা **সমতুল্য**। | বাংলা |
| রসায়ন | ECH | রসায়নবিদ্যায় ন্যূনতম ৪০% নম্বর পেয়ে এবং গণিতে সাফল্যের সহিত ১০+২ পরীক্ষায় উত্তীর্ণ বা **সমতুল্য**। | বাংলা |
| গণিত | EMT | গণিতে ন্যূনতম ৫০% নম্বর পেয়ে ১০+২ পরীক্ষায় উত্তীর্ণ বা **সমতুল্য**। | বাংলা |
| ভূগোল | EGR | ভূগোলে ন্যূনতম ৫০% নম্বর পেয়ে ১০+২ পরীক্ষায় উত্তীর্ণ বা **সমতুল্য**। | বাংলা |
| প্রাণীবিদ্যা | EZO | জীববিদ্যায় ন্যূনতম ৫০% নম্বর পেয়ে ১০+২ পরীক্ষায় উত্তীর্ণ বা **সমতুল্য**। | বাংলা |
| উদ্ভিদবিদ্যা | EBT | জীববিদ্যায় ন্যূনতম ৪০% নম্বর পেয়ে ১০+২ পরীক্ষায় উত্তীর্ণ বা **সমতুল্য**। | বাংলা |

## শিক্ষা অনুষদের স্নাতক স্তরের কোর্স

| বিষয় | সংকেত | শিক্ষাগত যোগ্যতা | SLM* এর ভাষা |
|---|---|---|---|
| শিক্ষা | EED | কলা অথবা বিজ্ঞান বিভাগে ন্যূনতম ৪৫% নম্বর পেয়ে ১০+২ পরীক্ষায় উত্তীর্ণ বা **সমতুল্য**। | ইংরেজি |

## পেশামূলক (Professional) অনুষদের স্নাতক স্তরের কোর্সগুলি

| বিষয় | সংকেত | শিক্ষাগত যোগ্যতা | SLM* এর ভাষা |
|---|---|---|---|
| কমার্স | ECO | ১০+২ পরীক্ষায় উত্তীর্ণ বা **সমতুল্য** / **ভোকেশনাল কোর্সে** ১০+২ উত্তীর্ণ | বাংলা |
| অর্থনীতি | EEC | ১০+২ পরীক্ষায় উত্তীর্ণ বা **সমতুল্য** / **ভোকেশনাল কোর্সে** ১০+২ উত্তীর্ণ | বাংলা |

* SLM: Self Learning Material

## সম্ভাব্য সময়সূচীঃ

| ক্রমিক নং | কার্যাবলী | আরম্ভ | শেষ |
|---|---|---|---|
| ১ | অনলাইন ভর্তির আবেদনপত্র জমা করা | ০৯. ১২. ২০২০; সকাল ১০. ০০ | ৩১. ১২. ২০২০; সন্ধ্যা ০৬. ০০ |
| ২ | নথি আপলোড করা | ০৯. ১২. ২০২০; সকাল ১০. ০০ | ৩১. ১২. ২০২০; সন্ধ্যা ০৬. ০০ |
| ৩ | আবেদন সংশোধন করে পুনরায় দাখিল করতে পারেন | ০৯. ১২. ২০২০; সকাল ১০. ০০ | ০৪. ০১. ২০২১; সন্ধ্যা ০৬. ০০ |
| ৩ | অনলাইন ফি জমা করা | ০৯. ১২. ২০২০; সকাল ১০. ০০ | ০৮. ০১. ২০২১; বৈকাল ০৪. ০০ |

## পাঠকেন্দ্রের তালিকাঃ

বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রাপ্তব্য।

## আবেদনকারীদের জন্য প্রধান নির্দেশাবলীঃ

- আবেদনকারীর ভর্তির আবেদনের পূর্বে ভর্তি সংক্রান্ত সকল নির্দেশাবলি এবং ভর্তি প্রক্রিয়ার ধাপসমূহ যত্ন সহকারে পড়া অত্যাবশ্যক।
- ভর্তি সংক্রান্ত সকল নির্দেশাবলি কেবলমাত্র বিশ্ববিদ্যালয়ের দপ্তরিক ওয়েবসাইটে (WWW.WBNSOU.AC.IN) অথবা ভর্তির জন্য নির্দিষ্ট ওয়েবসাইটে (BDP.WBNSOUADMISSIONS.COM) উপলব্ধ। সাম্প্রতিকতম ভর্তি সংক্রান্ত তথ্যের জন্য নিয়মিতভাবে উল্লিখিত ওয়েবসাইট দুটি পরিদর্শন করা অত্যাবশ্যক।
- পশ্চিমবঙ্গ সরকারের বিধি অনুযায়ী তফশিলি জাতি/ উপজাতির ক্ষেত্রে ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।
- একজন আবেদনকারী একটি স্নাতক পাঠক্রমেই ভর্তির জন্য আবেদন করতে পারবেন।
- ভর্তির আবেদনের পূর্বে নির্দিষ্ট পাঠক্রমে আবেদন করার জন্য ন্যূনতম শিক্ষাগত যোগ্যতার সাথে আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা সমতুল্য, তা নিশ্চিত করা আবেদনকারীর কর্তব্য।
- বিশ্ববিদ্যলয় শুধুমাত্র নির্দিষ্ট ব্যাঙ্ক চালান (ভর্তির ওয়েবসাইটে প্রাপ্তব্য) অথবা অনলাইন ফি গ্রহণ পরিষেবা (ভর্তির ওয়েবসাইটে যুক্ত) মাধ্যমে ফি গ্রহণ করে।
- অসম্পূর্ণ, অসমাপ্ত, আংশিক অনলাইন আবেদন অথবা অস্পষ্ট, অপাঠ্য নথি সহ অনলাইন আবেদন বিশ্ববিদ্যালয় কর্তৃক গ্রাহ্য হবে না এবং অনলাইন আবেদন বিশ্ববিদ্যালয় বাতিল করতে পারে।
- আবেদনকারীকে উল্লিখিত ভর্তির নির্ঘন্ট মেনে ভর্তি সংক্রান্ত সকল প্রক্রিয়াসম্পন্ন করতে হবে অন্যথা আবেদন বাতিল করার অধিকার বিশ্ববিদ্যালয় সংরক্ষণ করে।
- অনির্দিষ্ট অপ্রীতিকর সম্ভাবনা এড়াতে ভর্তি সংক্রান্ত সকল প্রক্রিয়া উল্লিখিত ভর্তির নির্ঘন্ট শেষ হওয়ার পূর্বে সম্পন্ন করা বাঞ্ছনীয়।
- ভর্তির আবেদনের অবস্থান সম্পর্কে জ্ঞাত হতে বা **"PROVISIONAL ONLINE ENROLLMENT CERTIFICATE"** এবং **"RECEIPT OF SLM"** পেতে ভর্তির জন্য নির্দিষ্ট ওয়েবসাইটে (BDP.WBNSOUADMISSIONS.COM) নিয়মিতভাবে পরিদর্শন করা অত্যাবশ্যক।
- আবেদনকারীর আবেদন সাপেক্ষে বিশ্ববিদ্যালয় নিজ নিয়ম এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের বিধি অনুসারে ভর্তি ফি বাবদ জমাকৃত টাকা আবেদনকারীকে ফেরত দিতে পারে।

- ভর্তির অন্তর্বর্তী কালে, পরবর্তী কালে, পাঠক্রমের অন্তর্বর্তীকালে বা বিশ্ববিদ্যালয় কর্তৃক ডিগ্রি প্রদানের পরবর্তী কালে ভর্তির সময় প্রদত্ত নথি ভুল / মিথ্যা / বিভ্রান্তিকর / নকল প্রতিপন্ন হলে ভর্তির আবেদন, নিবন্ধীকরণ, প্রদত্ত ডিগ্রি বাতিল করার অধিকার বিশ্ববিদ্যালয় সংরক্ষণ করে এবং এমত অবস্থায় শিক্ষার্থী কর্তৃক প্রদেয় কোন ফি বিশ্ববিদ্যালয় ফেরত না দেওয়ার অধিকারও বিশ্ববিদ্যালয় সংরক্ষণ করে।

## ফিঃ

প্রথম শিক্ষাবর্ষে পাঠক্রম অনুযায়ী প্রদেয় ফি এর পরিমাণ (ব্যাঙ্ক ফি বাবদ খরচ ব্যতীত)

| ক্রমিক নং | বিষয় | ফি (টাকা) | | মোট (টাকা) |
|---|---|---|---|---|
| | | ক | খ | |
| ১ | বাংলা, ইংরেজি, ইতিহাস, রাষ্ট্রবিজ্ঞান, জনপ্রশাসন, সমাজতত্ত্ব, শিক্ষা, কমার্স, অর্থনীতি | ২,১০০/- | ৪৭৫/- | ২,৫৭৫/- |
| ২ | পদার্থবিদ্যা, রসায়ন, ভূগোল এবং গণিত এর সাথে সহায়ক পাঠক্রম রাষ্ট্রবিজ্ঞান | ৩,১০০/- | ৪৭৫/- | ৩,৫৭৫/- |
| ৩ | প্রাণীবিদ্যা, উদ্ভিদবিদ্যা এবং গণিত এর সাথে সহায়ক পাঠক্রম পদার্থবিদ্যা | ৪,২৬৬/- | ৪৭৫/- | ৪,৭৪১/- |

**প্রথম শিক্ষাবর্ষে প্রদেয় ফি এর বিবরণঃ**

**ক = মোট কোর্স ফি এর ১/৩ ভাগ**

**খ = অন্যান্য ফি** (নিবন্ধীকরণ ফি ১৭৫/- টাকা + পরিচয়পত্র ও নিবন্ধীকরণ শংসাপত্র বাবদ ফি ১০০/- টাকা + বার্ষিক উন্নয়ন ফি ১৭৫/- টাকা + মাইগ্রেশন ফি ২৫/- টাকা)

পশ্চিমবঙ্গ সরকারের উচ্চশিক্ষা দপ্তরের ১৩.০৮.২০২০ তারিখের নির্দেশ অনুসারে (Memo No. 43-SS(CS)/A)/2020 dated 13.08.2020) নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় কর্তৃক অনলাইন অ্যাপ্লিকেশন ভেরিফিকেশন ও প্রক্রিয়াকরণ বাবদ ফি = ২৭৫/- টাকা এবং বিবরণপত্র (PROSPECTUS) বাবদ ফি = ১৫০/- টাকা (মোট ৪২৫/- টাকা) মকুব করা হল।

## বিঃ দ্রঃ

বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত নিবন্ধীকরণ শংসাপত্র না পাওয়া পর্যন্ত যে কোনো বিষয়ে ভর্তি শর্তাধীন। ভর্তির অন্তর্বর্তী কালে, পরবর্তী কালে, পাঠক্রমের অন্তর্বর্তী কালে বা বিশ্ববিদ্যালয় কর্তৃক ডিগ্রি প্রদানের পরবর্তী কালে, ভর্তির সময় প্রদত্ত নথি ভুল / মিথ্যা / বিভ্রান্তিকর / নকল প্রতিপন্ন হলে, ভর্তির আবেদন, নিবন্ধীকরণ, প্রদত্ত ডিগ্রি বাতিল করার অধিকার বিশ্ববিদ্যালয় সংরক্ষণ করে এবং এমত অবস্থায় শিক্ষার্থী কর্তৃক প্রদেয় কোন ফি বিশ্ববিদ্যালয় ফেরত না দেওয়ার অধিকারও সংরক্ষণ করে। সেহেতু, ভর্তির আবেদন করবার পূর্বে নির্দিষ্ট পাঠক্রমে আবেদন করার জন্য ন্যূনতম শিক্ষাগত যোগ্যতার সাথে আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা সমতুল্য, তা নিশ্চিত করা আবেদনকারীর কর্তব্য।

## নির্দেশনা

সকল ভর্তি শর্তাধীন এবং ভর্তি প্রক্রিয়াটি বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের অনুমোদন (F. NO. 1-18/2018 (DEB-I) DATED 21.02.2019) অনুযায়ী পরিচালিত। প্রয়োজনে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের আদেশনামা অনুযায়ী শিক্ষার্থীর নির্বাচিত পাঠকেন্দ্র পরিবর্তন করার অধিকারও বিশ্ববিদ্যালয় সংরক্ষণ করে।

স্বাঃ

নিবন্ধক